

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'একটি বাড়ি একটি খামার' প্রকল্প
প্রভাসী কল্যান ভবন (১৩ তলা)
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

স্মারক নং- এবাএখা/অর্থ ও হিসাব/মাঃ পঃ অর্থ বরাদ্দ/০২/২০১৮-১৯/ ৪৬৬
বরাবর

তারিখ : ১০/১০/২০১৮ খ্রিঃ

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সচিবলায় ভবন, ৩য় ফেজ (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের উপকারভোগীদের ট্রেড ভিত্তিক প্রশিক্ষণের অর্থ বরাদ্দ ও মঞ্জুরী প্রদান।

সূত্রঃ (ক) এবাএখা/অর্থ ও হিসাব/অর্থ ছাড়/০১/২০১৮-১৯/৩৯৭ তারিখ : ০১/১০/২০১৮ খ্রিঃ
(খ) এবাএখা/প্রশিক্ষণ/ইডিটি-বার্ড/১৯৪/২০১৭/৪৫৩ তারিখ : ০৯/১০/২০১৮ খ্রিঃ
(গ) এবাএখা/প্রশিক্ষণ/ইডিটি-আরডিএ/১৯৬/২০১৭/৪৫৬ তারিখ : ০৯/১০/২০১৮ খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়নাবীন 'একটি বাড়ি একটি খামার' (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থবছরের বরাদ্দের ১ম ও ২য় কিস্তির ছাড়কৃত অর্থ হতে পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া ও কুমিল্লা জেলার বার্ড এর অনুকূলে নিম্নবর্ণিত খাতে অর্থ বরাদ্দ ও মঞ্জুরী প্রদান করা হলো :

ক্র. নং	অর্থনৈতিক কোড নং	প্রকল্প কোড নং ১৩৮-১৩৮০১-২২৪০৫৪৭০০				
		খাতের নাম	যে অফিসের জন্য বরাদ্দ	যে হিসাব রক্ষণ অফিসে অর্থরিচি প্রেরণ করা হয়েছে	কোর্স সংখ্যা	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
১	৩২৩১৩০১	প্রশিক্ষণ ব্যয়	পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া	উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শেরপুর, বগুড়া	২০টি	৩৩,৪০,০০০.০০
২	৩২৩১৩০১	প্রশিক্ষণ ব্যয়	বার্ড, কুমিল্লা।	জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।	১০টি	১৬,৭০,০০০.০০
মোট (পঞ্চাশ লক্ষ দশ হাজার টাকা মাত্র)						৫০,১০,০০০.০০

এমতাবস্থায়, উল্লিখিত খাতসমূহে বর্ণিত বিভাজন অনুযায়ী উক্ত বরাদ্দ মোতাবেক উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা বরাবর অর্থরিচি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এই অর্থ ব্যয়ের শর্ত সমূহ নিম্নরূপঃ

- ১। উক্ত বরাদ্দ বিল ভাউচারের মাধ্যমে উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শেরপুর, বগুড়া ও জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা কার্যালয় হতে উত্তোলন করতে হবে।
- ২। এই অর্থ শুধু 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের উপকারভোগীদের 'ট্রেড ভিত্তিক' প্রশিক্ষণের জন্য ব্যয় করতে হবে। প্রশিক্ষণার্থীদের তালিকা ও বাজেট বিভাজন প্রকল্পের প্রশিক্ষণ শাখা হতে প্রেরণ করা হয়েছে।
- ৩। এই অর্থ ব্যয়ে সরকারী সকল আর্থিক বিধি বিধান প্রতিপালন করতে হবে। এই ব্যয়ে কোন অনিয়ম দেখা দিলে সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন।


(স্বাক্ষর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ফোন : ৯৩৫৯০৮৩

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা।
- ২। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া।
- ২। উপপ্রকল্প পরিচালক, সমন্বিত কৃষি কর্মকাণ্ডের মাধ্যমে কুমিল্লার লালমাই-ময়নামতি পাহাড়ী এলাকার জনগনের জীবন জীবিকার মানোন্নয়ন প্রকল্প, বার্ড, কুমিল্লা।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।
- ৪। পরিচালক (প্রশিক্ষণ), বার্ড, কুমিল্লা।
- ৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শেরপুর, বগুড়া।
- ৬। অফিস কপি।